বীরভূম জেলা পরিষদ
সিউড়ী, বীরভূম, পিন-৭৩১ ১০১
Portal: http://panchayat.nic.in/BIRBHUMZP

(০৩৪৬২) ২৫৫-৩১৯ / ৭১২/ ৭১৩
(০৩৪৬২) ২৫৭-০০৩
sabhadhipati-bir@nic.in
eozp-bir@nic.in
cyzp-bir@nic.in

## টোলট্যাক্স আদায়ের জন্য দরপত্র -২য়

এতদ্বারা বিজ্ঞাপিত হইতেছে যে, বীরভূম জেলার অন্তর্গত প্রধান মন্ত্রী গ্রাম সড়ক যোজনা প্রকল্পে নির্মিত নিম্নলিখিত রাস্তার টোল ট্যাক্স আদায়ের জন্য আগ্রহী ব্যাক্তি / সংস্থার নিকট হইতে ডাক আহ্বান করা হইতেছে।

| নং | রাস্তার নাম | ব্লক | সরকারী ডাক | বায়না জমা |
|---|---|---|---|---|
| ১ | নানুর - কঙ্কছত্র | নানুর | ১ . ৫ লক্ষ টাকা | ১৫,০০০ টাকা |

**শর্তাবলী ঃ-**

1. উপরোক্ত টোল প্লাজা দায়িত্ব গ্রহণের দিন হইতে এক বৎসরের মেয়াদে লীজ দেওয়া হইবে।
২. টোল প্লাজার বার্ষিক সর্বনিম্ন সরকারী দর উপরে উল্লেখ করা হইয়াছে।
৩. আগ্রহী দরদাতাদের প্যান কার্ডের স্ব-স্বাক্ষরিত জেরক্স, কপি দাখিল করিতে হইবে।
৪. দরপত্রের সহিত বায়না জমা হিসাবে উল্লেখিত মূল্যের ব্যাংক ড্রাফ্‌ট (বীরভূম জেলা পরিষদ-এর অনুকুলে) দরপত্রের সাথে জমা দিতে হইবে। দরপত্র গ্রহণ ও দর বাবদ টাকা জমার পর অন্যান্য দর প্রদানকারীর বায়নার টাকা ফেরৎ দেওয়া হইবে।
৫. রাস্তার মেরামতি ও সংরক্ষণ বাবদ সমস্ত খরচ লীজ গ্রহীতাকেই বহন করিতে হইবে।
6. রাস্তা সংরক্ষণের গাফিলতির জন্য যান চলাচলে বিঘ্ন হইলে লীজ গ্রহীতা দায়বদ্ধ হইবেন। কোন প্রকার প্রাকৃতিক দুর্যোগ বা বন্ধ/অবরোধ ইত্যাদি কারণে টোল আদায় বন্ধ থাকিলে কোন ক্ষতিপূরন দেওয়া হইবে না। যে কোন প্রকার ক্ষতির দায় লীজগ্রহীতাকেই বহন করিতে হইবে।
৭. সর্বোচ্চ দর বা যে কোন দর কতৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া গ্রহণ বা বাতিল করিতে পারিবেন।
8. অনুমোদিত সর্বোচ্চ দরপ্রদানকারীকে প্রদত্ত দর অনুযায়ী সম্পূর্ণ টাকা তৎসহ শতকরা ২ .২৪ শতাংশ হারে আয়কর অত্র অফিসে ৭ দিনের মধ্যে জমা দিতে হইবে এবং স্ট্যাম্প পেপারে কবুলতি সম্পন্ন করিতে হইবে। তারপর টোল প্লাজার দখল লইতে পারিবেন। নির্ধারিত সময়ের মধ্যে সম্পূর্ণ অর্থ জমা না দিলে বায়নার টাকা বাজেয়াপ্ত করা হইবে।
9. আগামী ১৮ই আগষ্ট ২০০৮ তারিখ বেলা ২.০০ টা পর্যন্ত আগ্রহী ব্যক্তি/ সংস্থা সংশ্লিষ্ট নথিপত্র ও বায়না বাবদ ড্রাফট্ সহ দরপত্র শীলকরা খামে অত্র অফিসে নির্দিষ্ট টেন্ডার বাক্সে জমা দিতে পারিবেন অথবা রেজিষ্ট্রী ডাকযোগে বায়না জমা সহ অত্র জেলা পরিষদ অফিসে পাঠাইতে পারিবেন। এক্ষেত্রে রেজিষ্ট্রী ডাক অবশ্যই ১৪ই আগষ্ট ২০০৮ তারিখের মধ্যে অত্র অফিসে পৌঁছানো বাধ্যতামূলক। ১৮ই আগষ্ট ২০০৮ তারিখ বেলা ২.৩০ মিনিটে আগ্রহী দরদাতাদের সামনে দরপত্রগুলি খোলা হইবে। অনুপস্থিত দর দাতার কোন অভিযোগ বা আবেদন গ্রাহ্য হইবে না।
১০.যে কোন ধরনের লীজ গ্রহীতা যাহারা জেলা পরিষদকে দেয় বকেয়া টাকা পরিশোধ করেন নাই তাহারা এই নীলাম ডাকে অংশগ্রহণ করিতে পারিবেন না।
11. লীজ গ্রহীতা/দরপ্রদানকারী কোন শর্ত/চুক্তি ভঙ্গ করিলে জেলা পরিষদ কর্তৃপক্ষ বায়না জমা বাজেয়াপ্ত করিতে এবং বা বিনা নোটিশে টোল প্লাজার দখল লইতে পারিবেন। এ ব্যাপারে জেলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বিবেচিত হইবে।
১২.নিম্ন লিখিত হারে টোল ট্যাক্স আদায় করা হইবে।
   ক) সকল প্রকার খালি ট্রাকটর ........................................... ১০ (দশ) টাকা।
   খ) সকল প্রকার ভর্তি ট্রাকটর ............................................ ২০ (কুড়ি) টাকা।
   গ) সকল প্রকার খালি ট্রাক ................................................ ১৫(পনেরো) টাকা।
   ঘ) সকল প্রকার ভর্তি ট্রাক (চার চাকা) .............................. ২০ (কুড়ি) টাকা।
   ঙ) সকল প্রকার ভর্তি ট্রাক (ছয় চাকা).................................. ৪০ (চল্লিশ) টাকা।
   চ) সকল প্রকার ভর্তি ট্রাক (ছয় চাকা উর্দ্ধে)......................... ৬০ (ষাট) টাকা।
   ছ) ট্রেকার /বাস/তিন বা চার চাকার ছোট গাড়ী (ভর্তি বা খালি) .. ৫ (পাঁচ) টাকা।

বিঃ দ্রঃ- সরকারী গাড়ীর জন্য কোন চার্জ আদায় করা যাইবে না। কার্য সম্পাদন কালে টোল ভাড়া আদায়কারীকে ভাড়ার হার ও অন্যন্য আনুষঙ্গিক তথ্য জনগনের অবগতির জন্য সাইনবোর্ড দ্বারা ( প্রবেশ ও নিষ্ক্রমন স্হলে) নিজ খরচে বিজ্ঞাপিত করিতে হইবে। টোল প্লাজা তৈরী বাবদ কোন খরচ জেলা পরিষদ কর্তৃপক্ষ প্রদান করিবেন না।

*স্বা*

*(সুব্রত সরকার)*

অতিরিক্ত নির্বাহী আধিকারিক

বীরভূম জেলা পরিষদ

**পত্রাঙ্ক......১৮৮৩(১৭)/বী.জেড.পি।** **তারিখ..৩০/০৭./২০০৮**

ইহার প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য প্রেরিত হলঃ-

১। সভাধিপতি, বীরভূম জেলা পরিষদ।

২। জেলা সমাহর্তা, বীরভূম ও নির্বাহী আধিকারিক, বীরভূম জেলা পরিষদ।

৩। সচিব, বীরভূম জেলা পরিষদ।

৪। কর্মাধ্যক্ষ, পূর্ত্ত, বীরভূম জেলা পরিষদ।

৫। কর্মাধ্যক্ষ, বিদ্যুৎ, বীরভূম জেলা পরিষদ।

৬। নির্বাহী বাস্তুকার, ডাব্লুউ. বি. এস. আর. ডি. এ., বীরভূম জেলা পরিষদ।

৭। জেলা বাস্তুকার, বীরভূম জেলা পরিষদ।

৮। প্রোজেক্ট ম্যানেজার, এ. ডি. বি. রোড প্রোজেক্ট এণ্ড এ. পি. আই. ইউ, ডাব্লুউ. বি. এস. আর. ডি. এ, বীরভূম ডিভিশন।

৯-১১। নির্বহী বাস্তুকার, (পি.ডাব্লিউ.ডি / পি.ডাব্লিউ.ডি (আর) / পি.ডাব্লিউ (সি.বি), বীরভূম।

১২-১৫। সহকারী বাস্তুকার, বীরভূম জেলা পরিষদ / ডাব্লুউ. বি. এস. আর. ডি. এ, বীরভূম জেলা পরিষদ।

১৬-১৭। সভাপতি / এক্সিকিউটিভ অফিসার, নানুর পঞ্চায়েত সমিতি। সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত স্তরে প্রচার-এর জন্য ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হল।

স্বা

অতিরিক্ত নির্বাহী আধিকারিক

বীরভূম জেলা পরিষদ

**পত্রাঙ্ক......১৮৮৩(১৭)/১(১)/বী.জেড.পি।** **তারিখ..৩০/০৭./২০০৮**

প্রতিলিপি জেলা তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক, বীরভূম মহাশয়কে প্রেরণ পূর্বক বীরভূম জেলার অন্তর্গত তিনটি মহকুমার তিনটি সংবাদপত্রে ১ দিনের জন্য প্রকাশের বন্দোবস্ত করার অনুরোধ করা হইল। এ বাবদ সংশ্লিষ্ট বিল অত্র অফিস হইতে প্রদান করা হইবে।

স্বা

অতিরিক্ত নির্বাহী আধিকারিক

বীরভূম জেলা পরিষদ

**পত্রাঙ্ক......১৮৮৩(১৭)/২(১)/বী.জেড.পি।** **তারিখ..৩০/০৭./২০০৮**

ইহার প্রতিলিপি ডি.আই.এ. বীরভূম জেলা পরিষদকে জেলা পরিষদের পোর্টালে ও কিয়স্কে দেওয়ার জন্য অনুরোধ করা হইতেছে।

স্বা

অতিরিক্ত নির্বাহী আধিকারিক

বীরভূম জেলা পরিষদ

**পত্রাঙ্ক......১৮৮৩(১৭)/৩(১)/বী.জেড.পি।** **তারিখ..৩০/০৭./২০০৮**

**ইহার প্রতিলিপি শ্রী আর.কে. মাইতি, জয়েন্ট সেক্রেটারী, পি.অ্যান্ড আর.ডি, মহাশয়ের জ্ঞাতার্থে ও এবং পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ওয়েবসাইটে প্রাকাশের জন্য প্রেরিত হল।**

স্বা

অতিরিক্ত নির্বাহী আধিকারিক

বীরভূম জেলা পরিষদ